অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/8/2022 **গভর্নর ক্যাথি হোকল**

মোবাইল স্পোর্টসে বাজি ধরা থেকে নিউ ইয়র্ক স্টেটের রেকর্ড পরিমাণ কর রাজস্ব আয় হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

ছয় মাসেরও কম সময়ে নিউ ইয়র্ক স্টেট মোবাইল স্পোর্টসে বাজি ধরা থেকে কর রাজস্ব বাবদ 302.3 মিলিয়ন ডলার আয় করেছে - যা অন্য যেকোনো স্টেটের চেয়ে অনেক বেশি এবং প্রত্যাশাকে ছাড়িয়ে গেছে

বেলি বেট - নিউ ইয়র্কে মোবাইল স্পোর্টসে বাজি ধরার সুযোগ প্রদান করা নবম ও চূড়ান্ত অপারেটর - কার্যক্রম শুরু করেছে

এই কর রাজস্ব শিক্ষাখাতে, তরুণদের ক্রীড়া কর্মসূচির জন্য অনুদান প্রদান এবং সমস্যাজনক জুয়া খেলা প্রতিরোধের চিকিৎসা ও পুনরুদ্ধার পরিষেবাগুলোর জন্য পুনরায় বিনিয়োগ করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ছয় মাসেরও কম সময় ধরে কার্যপরিচালনার সময়ে, নিউ ইয়র্কের মোবাইল স্পোর্টসে বাজি ধরা কর্মসূচি অন্য প্রতিটি স্টেটকে ছাড়িয়ে অনেকদূর এগিয়ে গেছে, এবং এর পাশাপাশি বাজেট বিভাগের (Division of the Budget) 2022 অর্থবছরের প্রত্যাশিত রাজস্বের পরিমাণকে ছাড়িয়ে গেছে। নিউ ইয়র্ক স্টেটের ডাটা অনুযায়ী, 8 জানুয়ারী, 2022 তারিখ থেকে মোবাইল স্পোর্টসে বাজি ধরা থেকে স্টেট 302 মিলিয়ন ডলারেরও বেশি কর রাজস্ব সংগ্রহ করেছে - যার পুরো অংশ শিক্ষা সহায়তা, ইয়ুথ স্পোর্টস এবং দায়িত্বপূর্ণ গেমিং কর্মসূচির দিকে পরিচালনা করা হচ্ছে। সেইসাথে, নিউ ইয়র্ক স্টেটে নবম ও চূড়ান্ত অপারেটর - বেলি বেট - 7 জুলাই বাজি গ্রহণের জন্য অনুমোদিত হয়েছে, যা নিয়ন্ত্রিত গেমিং খাতে এম্পায়ার স্টেটের সর্বশেষ উদ্যোগকে পুরোপুরি কার্যক্ষম করে তুলেছে।

"মাত্র ছয় মাসের মধ্যে, নিউ ইয়র্ক সফলভাবে গেমিং নীতিমালা বাস্তবায়নকারী স্টেটগুলোর মধ্যে নেতৃত্বের অবস্থান অর্জন করতে পেরেছে, যেখানে নিউ ইয়র্কবাসীদের জীবন উন্নত করবে এমন সব কর্মসূচিতে কয়েকশ মিলিয়ন ডলার বিনিয়োগ করা হচ্ছে," **বলেছেন গভর্নর হোকল**। "নিউ ইয়র্কের খেলায় বাজি ধরার শেষ অপারেটর সম্প্রতি চালু হওয়া শিক্ষা, ইয়ুথ স্পোর্টস কর্মসূচি এবং জুয়ার নেশার সমস্যা সমাধানে সহায়তার জন্য গুরুত্বপূর্ণ রাজস্ব সরবরাহ করবে। আমি আইনসঙ্গত বয়সের নিউ ইয়র্কবাসীদের জন্য উদ্দীপনাপূর্ণ বিনোদন সরবরাহ করবে এমন দায়িত্বপূর্ণ গেমিং পলিসি প্রণয়ন চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি - যার সব

কিছুই হবে যাদের এটি প্রয়োজন রয়েছে তাদের সাহায্য করতে গুরুত্বপূর্ণ সুরক্ষামূলক পদক্ষেপ গ্রহণ করে।"

প্রতিবেদন অনুযায়ী, নিউ ইয়র্ক মোবাইল স্পোর্টসে বাজি ধরা থেকে ছয় মাসে অন্য যেকোনো স্টেটের কয়েক বছর ধরে মোবাইলে ও খেলার মাঠে উভয় স্থানে খেলায় বাজি ধরা থেকে উপার্জিত মোট রাজস্বের চেয়েও বেশি রাজস্ব সংগ্রহ করেছে। 2022 সালের মে মাস পর্যন্ত, পেনসিলভেনিয়া 2018 সালের নভেম্বর থেকে খেলায় বাজি ধরা থেকে 265.6 মিলিয়ন ডলার রাজস্ব সংগ্রহ করেছে, এবং নিউ জার্সি 2018 সালের জুন মাস থেকে 237.1 মিলিয়ন ডলার আয় করেছে।

জানুয়ারি মাসে, নিউ ইয়র্ক স্টেট 2022 অর্থবছরে মোবাইল স্পোর্টসে বাজি ধরা থেকে 249 মিলিয়ন ডলার প্রত্যাশিত আয় হিসেব করেছিল (ইতোমধ্যে সংগৃহীত 200 মিলিয়ন ডলারের লাইসেন্স ফি সহ), অন্যদিকে মোট সংগ্রহের পরিমাণ ছিল 361 মিলিয়ন ডলার (লাইসেন্স ফি বাবদ 200 মিলিয়ন ডলার সহ)। এপ্রিল পর্যন্ত, নিউ ইয়র্ক স্টেট 2023 অর্থবছরে 357 মিলিয়ন ডলার, 2024 অর্থবছরে 465 মিলিয়ন ডলার, 2025 অর্থবছরে 493 মিলিয়ন ডলার, 2026 অর্থবছরে 509 মিলিয়ন ডলার এবং 2027 অর্থবছরে 518 মিলিয়ন ডলার প্রত্যাশিত আয় হিসেব করেছে।

নিউ ইয়র্ক স্টেট গেমিং কমিশনের (Gaming Commission) এক্সিকিউটিভ ডিরেক্টর রবার্ট উইলিয়ামস বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বের কল্যাণে, নিউ ইয়র্ক স্টেট মাত্র ছয় মাসের মধ্যেই নিজেকে খেলায় বাজি ধরার ক্ষেত্রে নেতৃত্বের অবস্থানে প্রতিষ্ঠিত করেছে। এই সংখ্যা ও সময়কাল সুস্পষ্টভাবে নির্দেশ করছে যে নিউ ইয়র্কের মডেলটি সফলভাবে খেলায় বাজি ধরার উদ্দীপনাকে সফলভাবে কাজে লাগাতে পেরেছে এবং ক্রমশ এটির সম্ভাবনার সর্বোচ্চ ব্যবহার করে চলেছে।"

মোবাইল স্পোর্টসে বাজি ধরা চালু হওয়ার পর থেকে, নিউ ইয়র্ক স্টেট গেমিং কমিশন, রেসপন্সিবল প্লে পার্টনারশিপে (Responsible Play Partnership) এটির অংশীদারগণ, এবং গেমিং ভেন্যুগুলো দায়িত্বপূর্ণভাবে বাজি ধরাকে উৎসাহিত করতে স্বতস্ফূর্ত, তথ্যমূলক ইভেন্ট ও প্রচার কার্যক্রমে অংশ নিয়েছে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports)-এর কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন, "জুয়ার নেশার সমস্যার প্রতিরোধমূলক চিকিৎসা, ক্ষতি কমানো ও পুনরুদ্ধারমূলক পরিষেবাগুলোর জন্য এই রাজস্ব যে ইতিবাচন প্রভাব বয়ে আনবে আমি তা দেখার প্রত্যাশা রাখি। এসব বাড়তি অর্থায়ন OASAS-কে জুয়ার নেশার সমস্যা প্রতিরোধের প্রচেষ্টা বৃদ্ধি করতে এবং নিউ ইয়র্ক স্টেটের সব এলাকায় স্ক্রিনিং ও চিকিৎসা পরিষেবার নিয়ে আরো বেশি লোকের কাছে পৌঁছে যাওয়ার সুযোগ করে দিবে।"

নিউ ইয়র্কের মোবাইল স্পোর্টসে বাজি ধরা থেকে পাওয়া কর রাজস্ব জুয়া খেলার নেশার জন্য প্রতিরোধ, চিকিৎসা, ও পুনরুদ্ধার পরিষেবাগুলোর পাশাপাশি এলিমেন্টারি ও সেকেন্ডারি শিক্ষার

জন্য এবং তরুণদের ক্রীড়া কর্মসূচিতে পুনরায় বিনিয়োগ করা হচ্ছে। সেইসাথে, স্টেট আটটি মোবাইল স্পোর্টসে বাজি ধরার প্ল্যাটফর্ম সরবরাহকারীদের প্রত্যেকের কাছ থেকে লাইসেন্স ফি বাবদ 25 মিলিয়ন ডলার সংগ্রহ করেছে, যার ফলে স্টেট বাড়তি 200 মিলিয়ন ডলার সংগ্রহ করেছে। লাইসেন্স ফি বাবদ পাওয়া রাজস্বের সবটুকু ইতোমধ্যে শিক্ষা খাতে পুনরায় বিনিয়োগ করা হয়েছে।

স্টেট সিনেটর জোসেপ পি. অ্যাডাবো জুনিয়র বলেন, "মাত্র ছয় মাসের সংক্ষিপ্ত সময়কালের মধ্যে মোবাইল স্পোর্টসে বাজি ধরার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেট ইতোমধ্যে আমাদের অন্য সব প্রতিদ্বন্দ্বীকে পিছনে ফেলে দিয়ে সকল প্রত্যাশা ছাড়িয়ে গেছে। এর কারণ হলো আমরা নিউ ইয়র্কের একনিষ্ঠ ফ্যানবেজকে নিবেদিত সেবা প্রদানকারীদের কাছ থেকে উচ্চ মানের মোবাইলে বাজি ধরার সুবিধা প্রদান করছি, যারা তাদের অ্যাপগুলিতে গ্রাহকদের সেরা অভিজ্ঞতা প্রদান করাকে তাদের অগ্রাধিকার বানিয়ে নিয়েছেন। এবং এখন বেলি বেট চালু হওয়ার ফলে, এই ক্রমবর্ধমান বাজারে আরো বেশি প্রতিযোগিতা তৈরি হবে। নিউ ইয়র্কের নিয়ন্ত্রিত মোবাইল স্পোর্টস বাজি ধরা এটির অধিবাসীদেরকে তাদের নিজের স্টেটে থেকেই নিরাপদে বাজি ধরার সুযোগ করে দিয়েছে। শিক্ষা, ইয়ুথ স্পোর্টস কর্মসূচি এবং গেমিং আসক্তি সম্পর্কে সচেতনতা ও সহায়তার জন্য আরো বেশি তহবিল সরবরাহ করতে আমি নিউ ইয়র্কের এই সামনে এগিয়ে যাওয়া অব্যাহত রাখতে উচ্ছসিত।"

অ্যাসেম্বলি সদস্য গ্যারি প্রেটলো বলেন, "যখন আমরা মোবাইল স্পোর্টস বেটিং প্ল্যানের বিল তৈরি করছিলাম তখন এটির ফলাফল কী হতে পারে সে ব্যাপারে আমার কোনো সন্দেহ ছিল না। নিউ জার্সি কী করছে আমি সেটার দিকে তাকিয়েছি এবং আমি জানতাম যে তাদের সফলতার একটি বিশাল অংশ নিউ ইয়র্কবাসীদের স্টেটের বাইরে যাওয়ার ভিত্তিতে হয়েছে। আমি এটিকে আরো বেশি কর রাজস্ব সংগ্রহ এবং নিউ ইয়র্ককে যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ বেটিং বাজারে পরিণত করার একটি সুযোগ হিসেবে দেখেছিলাম। এটি স্টেটের জন্য দারুণ একটি সম্মান কারণ আমরা অব্যাহতভাবে শিক্ষা, ইয়ুথ স্পোর্টস ও জুয়ার নেশার সমস্যা মোকাবেলার জন্য অর্থ সংগ্রহ করে চলেছি।"

ভূ-অবস্থানের শর্তাবলী পূরণ হওয়া নিশ্চিত করতে স্পোর্টস বুকগুলোর ব্যবহার করা একটি সফটওয়্যার ফার্ম, জিওকমপ্লাই (GeoComply) এর তথ্যমতে জানুয়ারি মাস থেকে 2.9 মিলিয়নেরও বেশি সংখ্যক পৃথক প্লেয়ার অ্যাকাউন্ট তৈরি হয়েছে, যেগুলো প্রায় 707 মিলিয়ন ডলার লেনদেন সম্পন্ন করেছে।

2023 অর্থবছরে এবং এরপর থেকে বার্ষিক ভিত্তিতে মোবাইল স্পোর্টসে বাজি ধরা থেকে উপার্জিত রাজস্ব নিম্নলিখিত উপায়ে বন্টন করা হচ্ছে: সুবিধাবঞ্চিত তরুণদের জন্য ক্রীড়া কর্মসূচিগুলোতে অর্থায়নের জন্য 5 মিলিয়ন ডলার, জুয়া খেলার সমস্যা বিষয়ে শিক্ষাদানের জন্য অর্থায়ন করতে 6 মিলিয়ন ডলার, এবং অবশিষ্ট বেশিরভাগ অংশ শিক্ষা সহায়তা বাবদ প্রদান করা হবে।

প্রত্যেক শুক্রবার, NYS গেমিং কমিশন এটির সব অপারেটরদের কাছ থেকে সাপ্তাহিক মোবাইল স্পোর্টসে বাজি ধরার প্রতিবেদন প্রকাশ করে [এখানে অনলাইনে](https://www.gaming.ny.gov/)।

এই কমিশনের বিধিমালা অনুযায়ী অপারেটরদের জন্য অপ্রাপ্তবয়স্কদের বাজি ধরায় অংশ নেওয়া প্রতিরোধ করা, বাজি ধরা ব্যক্তিদের জন্য ব্যয়ের সীমা নির্ধারণ করে দেওয়ার সুযোগ রাখা, এবং জুয়া খেলার ঝুঁকিসমূহ এবং জুয়া খেলার নেশার লক্ষণগুলো সম্পর্কিত তথ্য শেয়ার করা আবশ্যক করা হয়েছে। জুয়া খেলার নেশায় ভুগছেন অথবা জুয়া খেলায় আসক্ত কোনো ব্যক্তি সম্পর্কে নিউ ইয়র্কবাসীরা স্টেটের টোল-মুক্ত গোপন হোপলাইনে (HOPEline) ফোন করতে পারেন 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে অথবা HOPENY লিখে টেক্সট মেসেজ পাঠাতে পারেন (467369)। এছাড়াও নিউ ইয়র্কবাসীরা জুয়া খেলার সমস্যা বিষয়ক আঞ্চলিক সংস্থান কেন্দ্রে (Regional Problem Gambling Resource Center) যোগাযোগ করতে পারেন এখানে: https://nyproblemgamblinghelp.org/।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418